

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯

নং ১২.০০.০০০০.০২৬.৪০.০৩৩.১৯.২৮৫—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে ১৩ নভেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে Paclobutrazole নামীয় Plant Growth Regulator (PGR) এর আবেদনকারী প্রতিষ্ঠান : Syngenta Bangladesh Limited, House-2/6, Block-E, Lalmatia, Mohammadpur, Dhaka-1207, Bangladesh এর অনুকূলে নিম্নবর্ণিত বিনির্দেশ (উন্মুক্ত হিসেবে) ও শর্তাবলীর আলোকে এতদ্বারা সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হলো :

১. বিনির্দেশ

Name of the Product : Paclobutrazole (সার জাতীয় দ্রব্য)

(শুধুমাত্র আম উৎপাদনের জন্য ব্যবহার করা যাবে)

Physical Condition : Suspension/Semi Solid/Viscous Liquid

pH : 6.0-8.5

Colour : Off White

Solubility : Soluble in water

Ingredient : Paclobutrazole 25% SC

Molecular Formula : C₁₅H₂₀CIN₃O

(১২৯৩)

মূল্য : টাকা ৪.০০

২. শর্তাবলী :

- ক) সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের বস্তুর গায়ে লেবেল লাগাইতে হইবে।
- খ) লেবেলে নিম্নবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখিতে হইবে, যথা :—
- i) সারের নাম (ব্রান্ড নাম যদি থাকে উহাও উল্লেখ করিতে হইবে);
 - ii) সারের বিদ্যমান আবশ্যিকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং উহার শতকরা হার;
 - iii) সারের নীট ওজন;
 - iv) প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুত সেই দেশের নাম;
 - v) নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);
 - vi) উৎপাদনের তারিখ; এবং
 - vii) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।
- গ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক মনিটরিং করিতে হইবে;
- ঘ) চাঁপাইনবাবগঞ্জ জেলার ০৩ (তিন)টি এবং রাজশাহী জেলার ০১ (এক)টি সহ মোট ০৪ (চার)টি উপজেলায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর প্রস্তাবিত Control System প্রয়োগ করিতে হইবে;
- ঙ) পিজিআর বিক্রয়কারীকে রেজিস্টার মেইনটেইন করিতে হইবে;
- চ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর অনুমতিক্রমে পিজিআর বিক্রয় করিতে হইবে;
- ছ) এ সমস্ত পিজিআর ব্যবহার নিয়ন্ত্রণে টেকনিক্যাল কমিটি গঠনের বিষয়ে জাতীয় সার প্রমিতকরণ কমিটি'র পরবর্তী সভায় আলোচ্যসূচিভুক্ত করিয়া আলোচনা করিতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ তোফাজ্জল হোসেন

যুগ্মসচিব।